

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (অপারেশন)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩০.০৭.১৫৪.২৩ নথির বিষয়: Cleaning Inspection and Observation of pulsator clarifier-A With Vacuum Chamber.
নোট: ১ নোটের বিষয়: Cleaning Inspection and Observation of pulsator clarifier-A With Vacuum Chamber.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১০/৮/২৩ ৪:৩০ অপরাহ্ন

দয়া করে সংযুক্ত ক্রমিক নং- ১ থেকে ৭ দেখা যেতে পারে। সায়োদাবাদ পানি শোধনাগার ঢাকা ওয়াসার গুরুত্বপূর্ণ স্থাপনা। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ হতে প্রতিদিন গড়ে ২২.৫ কোটি লিটারের বেশি পানি পরিশোধন করে ঢাকা মহানগর বাসীকে সরবরাহ করে থাকে। সায়োদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর পানি শোধন প্রক্রিয়ায় পালসেটর ক্লারিফায়ার একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া। অত্র শোধনাগারের পানি শোধন প্রক্রিয়ায় মোট ০৪ (চার) টি পালসেটর ক্লারিফায়ার "এ", "বি", "সি", ও "ডি" রয়েছে। পালসেটর ক্লারিফায়ারের মাধ্যমে প্রায় ৭০ হেক্টর ৮০ ভাগ পানি পরিশোধিত হয়ে থাকে। ডিভাইডিং চেম্বারের পানিতে ব্যবহৃত প্রসেস কেমিক্যাল এর বিক্রিয়ায় পানিতে বিদ্যমান স্লাজ, ক্লারিফায়ার এরিয়াতে sludge blanket তৈরী হয় এবং ক্লারিফাইড ওয়াটার চ্যানেলের মাধ্যমে পরিবর্তী ধাপ অর্থাৎ ফিল্টারে চলে যায়। ক্লারিফায়ারের তৈরীকৃত sludge blanket পরবর্তীতে স্লাজ কনসেন্ট্রেটেড ও কিছু স্লাজ ক্লারিফায়ারের তলানিতে জমা হতে থাকে যা পর্যায়ক্রমে বৃদ্ধি পেতে থাকে। ডিভাইডিং চেম্বার হতে আগত পানি পালসেটর ক্লারিফায়ারের ভ্যাকুয়াম চেম্বারের মাধ্যমে পানিতে পালস তৈরী করে ক্লারিফায়ারের তলানিতে ১০ এম এম হোল বিশিষ্ট ৪৫০ এম.এম. ডায়ার পাইপের মাধ্যমে ক্লারিফায়ারে ডিস্ট্রিবিউশন হয়। সেই কারণে ভ্যাকুয়াম চেম্বারেও স্লাজ জমা হয় এবং পাইপের হোলগুলোতে প্লাস্টিক আটকিয়ে বন্ধ হয়ে যায়। ফলে পাইপের হোলগুলো দিয়ে পানি প্রবাহিত হতে না পেরে পাইপের অন্য প্রান্তের ফাকা অংশ দিয়ে অতিরিক্ত প্রেসারে ক্লারিফায়ার এরিয়াতে পানি ডিস্ট্রিবিউশন হয় বিধায় ক্লারিফায়ারে তৈরীকৃত sludge blanket এর উপর প্রভাব পড়ে ও ভেঙ্গে গিয়ে ক্লারিফায়ারের স্বাভাবিক কার্যকারিতা কমে যায় এবং পানির টারবিডিটি বৃদ্ধি পায়। সেই কারণে ফিল্টার ব্যাকওয়াশ এর পরিমাণ বৃদ্ধি পায় ও প্রসেস কেমিক্যাল মিশ্রিত পানির অপচয় বৃদ্ধি পায়। ফলে উৎপাদন খরচ বৃদ্ধিসহ পানি উৎপাদন কমে যায়। সেই কারণে প্রতি বছরের ন্যায় ০৪(চার) টি ক্লারিফায়ার ক্লিনিং , পরিদর্শন, পর্যবেক্ষণ ও গ্লাস ফাইবার রেইনফোর্সড শীট পরিবর্তন এবং গ্লাস ফাইবার রেইনফোর্সড শীট সঠিক ভাবে পুনঃস্থাপন করা প্রয়োজন। সেই আলোকে ০১(এক)টি ক্লারিফায়ার ("এ") ক্লিনিং , পরিদর্শন, পর্যবেক্ষণ ও গ্লাস ফাইবার রেইনফোর্সড শীট পরিবর্তন কাজের জন্য পূর্ব অনুমোদিত দর /ই-জিপিতে প্রাপ্ত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে টা: ৪,৯৭,৯২০.০১০ (চার লক্ষ সাতানব্বই হাজার নয়শত বিশ দশমিক শূন্য এক শূন্য) টাকা মাত্র। আলোচ্য কাজটি ২০২৩-২০২৪ইং অর্থ বৎসরের ক্রয় পরিকল্পনায় পানি ও পয়ঃ শোধনাগার (ওএন্ডএম) খাতের ক্রমিক নং-এম-৭৫ ও প্যাকেজ নং-ডব্লিউ-২৫ এ LTM (e-GP) পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রহিয়াছে।


সংযুক্তিসমূহ (৭):

- ১। সাপাশো(অপাঃ) এর ২০২৩-২৪ইং এর অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- ২। পূর্ব অনুমোদিত দর।
- ৩। ক্লারিফায়ারের ড্রয়িং এবং ক্লিনিং কাজের ছবি।
- ৪। গত বছর ক্লারিফায়ার ক্লিনিং কাজের ল্যাব রিপোর্ট।
- ৫। আলোচ্য কাজের ক্যালকুলেশন।
- ৬। আলোচ্য কাজের প্রাক্কলন।
- ৭। আলোচ্য কাজের প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১০/৮/২৩ ৪:৩১ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে ও সায়েদাবাদ পানি শোধনাগারের সুষ্ঠু পানি পরিশোধন কার্যক্রম পরিচালনার লক্ষে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এর ক্লারিফায়ার ("এ") ক্লিনিং, পরিদর্শন, পর্যবেক্ষণ ও গ্লাস ফাইবার রেইনফোর্সড শীট পরিবর্তন ও পুনঃ স্থাপন কাজের জন্য উপস্থাপিত সর্বমোট টা: ৪,৯৭,৯২০.০১০ (চার লক্ষ সাতানব্বই হাজার নয়শত বিশ দশমিক শূন্য এক শূন্য) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরী ও প্রশাসনিক অনুমোদনসহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর ৬৩ (১) ধারায় LTM (e-GP) পদ্ধতিতে দরপত্র আহবানের অনুমোদন দেওয়া যেতে পারে। যার অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

			
১০/৮/২৩ ৪:৩২ অপরাহ্ন মোঃ সিরাজুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	১০/৮/২৩ ৬:০৩ অপরাহ্ন সৈয়দ মোঃ মাহফুজুর রহমান সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	১১/৮/২৩ ৪:৩৯ অপরাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	১১/৮/২৩ ৪:৩৯ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল



অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১১/৮/২৩ ৭:২০ অপরাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.1

	
১১/৮/২৩ ৭:২৩ অপরাহ্ন মির্জা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	১১/৮/২৩ ৭:২৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১২/৮/২৩ ৭:৫৬ অপরাহ্ন

অনুমোদিত

			
১২/৮/২৩ ৭:৫৬ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)	১৩/৮/২৩ ৩:৩৫ পূর্বাহ্ন মোঃ আবিদ হোসেন নির্বাহী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	২৬/৮/২৩ ১০:০৮ পূর্বাহ্ন সৈয়দ মোঃ মাহফুজুর রহমান সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)	১৮/১০/২৩ ৪:৫৩ অপরাহ্ন মোঃ সিরাজুল ইসলাম উপ-সহকারী প্রকৌশলী সায়েদাবাদ পানি শোধনাগার (অপারেশন)




নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


ঢাকা ওয়াসা

- (০৮) Tender Notice;
- (০৯) পত্রিকার পেপার কার্টিং।
- (১০) Standard tender document (TDS);
- (১১) Standard tender document (PCC);
- (১১) Tender Opening Report (TOR 1&2);
- (১৩) Tender Evaluation Report (TER);
- (১৪) Workflow History;
- (১৫) Price and Delivery Schedule for Goods;
- (১৬) Notification of Awards (NOA);
- (১৭) পারফরমেন্স সিকিউরিটি জমা।

১.৪। ক্রমিক নং-০৮ হতে ১৭ পর্যন্ত দেখা যেতে পারে। Cleaning, Inspection and Observation of Pulsator Clarifier-A With Vacuum Chamber কাজের জন্য গত ১৮.০৯.২০২৩ ইং তারিখে **M/S Zaman Traders** এর দাখিলকৃত ৮:৪,৭৩,০২৪.০১০ (চার লক্ষ তিয়াত্তর হাজার চব্বিশ দশমিক শূন্য এক) টাকার দরপত্রটি Tender Evaluation Committee (TEC) কর্তৃক সর্বনিম্ন দরদাতা হিসেবে মূল্যায়িত হওয়ায় দরপত্রটি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক ক্ষমতা অর্পণ Deligation of financial power এর অফিস আদেশ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে **M/S Zaman Traders** এর অনুকূলে Notification of Awards (NOA) ইস্যু করা হয়। সে মোতাবেক ঠিকাদার কর্তৃক আলোচ্য কাজের Performance security জমা প্রদান করেন।




১.৫। এমতাবস্থায় উপরোক্ত বর্ণনামতে আলোচ্য কাজের ঠিকাদার **M/S Zaman Traders** এর সহিত প্রচলিত স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করা হয়েছে। সম্পাদিত চুক্তিপত্র সদয় স্বাক্ষরের জন্য পেশ করা হ'ল।







Md. Sirazul Islam
Sub-Assistant Engineer
Saidabad Water Treatment Plant (Op.)
Dhaka WASA
সৈয়দ মোঃ সাহাবুজ্জামান
সহকারী প্রকৌশলী
সাইদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।
মোঃ আবিদ হোসেন
নির্বাহী প্রকৌশলী
সাইদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

- (১৮) Contract No.46.05.0000.430.07.154.2023-24/e-NOA-088, Date: 16/11/2023 মোতাবেক ঠিকাদারের সহিত আলোচ্য কাজের সম্পাদিত চুক্তিপত্র।

১.৬। সংযুক্ত ক্রমিক নং-১৮ সদয় দেখা যেতে পারে। Cleaning, Inspection and Observation of Pulsator Clarifier-A With Vacuum Chamber কাজটি বাস্তবায়নের নিমিত্তে গত ১৬/১১/২০২৩ ইং তারিখে **M/S Zaman Traders** এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। উক্ত ক্রয় কাজটি সম্পাদনের জন্য সংশ্লিষ্ট ঠিকাদারের অনুকূলে কার্যাদেশ পত্র প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত কার্যাদেশ পত্র সদয় স্বাক্ষর করা যেতে পারে।



Md. Sirazul Islam
Sub-Assistant Engineer
Saidabad Water Treatment Plant (Op.)
Dhaka WASA
সৈয়দ মোঃ সাহাবুজ্জামান
সহকারী প্রকৌশলী
সাইদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।
মোঃ আবিদ হোসেন
নির্বাহী প্রকৌশলী
সাইদাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।

- (১৯) স্মারক নং:৪৬.১১৩.৪৩০.০০.০০.০৭.১৫৪.২০২৩-২৪.১১৩,তারিখ:১৩/১২/২০২৩ইং মোতাবেক ঠিকাদারের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ পত্র।

২০। আলোচ্য কাজের যৌথ পরিদর্শন রিপোর্ট।

২১। আলোচ্য কাজের Work Completion Report

১.৭। সংযুক্ত ক্রমিক নং-২০ হতে ২১ নং দয়া করে দেখা যেতে পারে। চুক্তি নং: 46.05.0000.430.07.154.2023-24/e-NOA-088, Date: 16/11/2023 এবং কার্যাদেশ নং: 46.113.430.00.00.07.154.2023-24.113, Date:13/12/2023 এর আলোকে **M/S Zaman Traders** কর্তৃক Cleaning, Inspection and Observation of Pulsator **Clarifier-A** With Vacuum Chamber কাজটি সুষ্ঠুভাবে সম্পাদন করেন এবং ১ম ও চূড়ান্ত বিলের আবেদন করেন। ঠিকাদার কর্তৃক সম্পাদিত কাজটি সুষ্ঠুভাবে সম্পাদন করায় এবং তাহাদের কাজটি সন্তোষজনক হওয়ায় বিলটি পরিশোধের নিমিত্তে একটি কার্য-সমাপ্তি তৈরী করা হল। কার্য সমাপ্তি রিপোর্ট গ্রহণসহ বিলটি পেপারলেস পেমেন্ট সফটওয়্যারে উপস্থাপনের অনুমোদনের জন্য সদয় স্বাক্ষর করা যেতে পারে।


16.01.24
Md. Sirazul Islam
Sub-Assistant Engineer
Saidabad Water Treatment Plant (Op.)
Dhaka WASA


16.01.24
সৈয়দ মোঃ সাহুজ্জাম নব্বান
সহকারী প্রকৌশলী
সায়দাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।


16.01.24
মোঃ আবিদ হোসেন
নির্বাহী প্রকৌশলী
সায়দাবাদ পানি শোধনাগার (পরিচালন)
ঢাকা ওয়াসা।